

নতুন পোস্ট অফিস পাসপোর্ট সেবা কেন্দ্র (পিওপিএসকে) ত্রৃতীয় ব্যচের উদ্বোধন

১) পররাষ্ট্র মন্ত্রক এবং ডাক বিভাগ সিদ্ধান্ত নিয়েছে বিভিন্ন রাজ্যের প্রধান পোস্ট অফিস (এইচপিও)কে ব্যবহার করা হবে পোস্ট অফিস পাসপোর্ট সেবা কেন্দ্র (পিওপিএসকে) হিসাবে, যাতে দেশের নাগরিকদের পাসপোর্ট সম্পর্কিত পরিয়েবা দেওয়া যায়। এই অংশীদারিত্বের উদ্দেশ্য বিস্তৃত আকারে পাসপোর্ট সম্পর্কিত পরিয়েবার বিস্তার এবং বহু এলাকায় পাসপোর্ট পাওয়া নিশ্চিত করা।

২) কর্ণাটকের মহীশূরে এবং গুজরাতের দাহোদে পিওপিএসকে প্রকল্প সফল হওয়ার পর পররাষ্ট্রমন্ত্রক এবং ডিওপি ফেরুয়ারি ২০১৭ সালে ঘোষণা করে আরও অতিরিক্ত ৬৪ পিওপিএসকে {৯ ফেব্রুয়ারি, ২০১৭ ঘোষণা করা হয় প্রথম ব্যাচে ৫৬টি (ছাপান) এবং ২৮ ফেব্রুয়ারি, ২০১৭ ঘোষণা করা হয় দ্বিতীয় ব্যাচে ৮টি (আটটি)} দেশের বিভিন্ন রাজ্য। দশটি পিওপিএসকে আসানসোল (পশ্চিমবঙ্গ), কাভারতি (লাক্ষ্মীনগর), কোটা (রাজস্থান), মুজাফ্ফরপুর (বিহার), পাথনামথিতা (কেরল), রায়গঞ্জ (পশ্চিমবঙ্গ), রৌরকেল্লা (ওড়িশা), সালেম (তামিলনাড়ু), উধমপুর (জম্বু ও কাশীর), বিদিশা (মধ্যপ্রদেশ)-এ উদ্বোধন করা হয়েছে, যেখানে গোটা দেশে মোট পিওপিএসকে-র সংখ্যা ১২ (বারো)।

৩) উল্লিখিত বারোটি পিওপিএসকে সফলভাবে কাজ করার পর পররাষ্ট্রমন্ত্রক এবং ডাক বিভাগ আরও উনিশটি পিওপিএসকে খোলার সিদ্ধান্ত নিয়েছে। নিম্নলিখিত পোস্ট অফিসে এই উনিশটি পিওপিএসকে উদ্বোধন করা হয়।

রাজ্য	স্থান
গোয়া	দক্ষিণ গোয়া
পাঞ্জাব	ভাতিন্দা, গুরুনাসপুর, পাতিয়ালা।
উত্তরাখণ্ড	আলমোড়া, হালদোয়ানি, নেনিতাল
উত্তরপ্রদেশ	আগ্রা, এলাহাবাদ, অযোধ্যা, বিজনোর, দেওরিয়া, গৌতম বুদ্ধ নগর (নয়ডা), গাজিপুর, বাঁসি, মথুরা, মিরাট, পিলভিট, সুলতানপুর

৪) পররাষ্ট্রমন্ত্রক এবং ডাক বিভাগ তাদের পূর্ব প্রতিশ্রুতিমতো অবশিষ্ট ৭৩ পিওপিএসকে-তে পাসপোর্ট সংক্রান্ত সেবা প্রদান করার জন্য ঘনিষ্ঠভাবে কাজ করছে।

নয়াদিল্লি

মার্চ ১৬, ২০১৭